INDIA NON JUDICIAL

২০০০রু. Rs 2000

सत्यमेव जयते
भारत

दो हज़ार रूपये TWO THOUSAND RUPEES

মং ২০,০০০ ্ কুড়ি হাজার টাকা পণে স্থাবর সম্পত্তির সাফ বিক্রয় কোবালা :

********************************************************

ক্রেতা : -
*******

শ্রীমতি বাসন্তী বিশ্বাস, স্বামী - শ্রী সুরেন্দ্র নাথ বিশ্বাস, সাং - রেকজোয়ানী, থানা - রাজারহাট, জেলা - উত্তর ২৪ পরগণা, জাতি - হিন্দু, পেশা - গৃহস্থালী।


বিক্রেতা : -
*********

শ্রী সুরেন্দ্র নাথ বিশ্বাস, পিতা - ৺ গৌর মোহন বিশ্বাস, সাং - রেকজোয়ানী, থানা - রাজারহাট, জেলা - উত্তর ২৪ পরগণা, জাতি - হিন্দু, পেশা - অবসর ভোগী।

কস্য সম্পূর্ণ নির্দ্দায় ও নির্দ্দোষ অবস্থায় নিম্ন তপশীলে বর্ণিত জমির সাফ বিক্রয় কোবালা পত্র মিদং কার্য্যঞ্চাগে : -

জেলা.......

100 RS.






জেলা - উত্তর ২৪ পরগণা, থানা - রাজারহাট ও সাবরেজিষ্ট্রী মোং এ. ডি. এস. আর. বিধাননগর সল্টলেক সিটি এলাকাধিন কলিকাতা পরগণার মৌজা রেকজোয়ানি গ্রামে ২৯৯৮ নং তৌজি ভুক্ত হাল মালিক পশ্চিমবঙ্গ রাজ্য সরকার পক্ষে ২৪ পরগণা জেলা কালেক্টার বাহাদুরের অধিকারে রায়ত দখলি স্বত্ব বিশিষ্ট নিম্ন তপশীলে বর্ণিত জমি সহ অন্যান্য জমি পূর্ব্বাধিকারী সুহাসিনী দাসীর পৈত্রিক ওয়ারিশান সূত্রে প্রাপ্ত খাস দখলিয় ভোগদখলিয় সম্পত্তি থাকে। সুহাসিনী দাসী উক্ত জমি খাসে ভোগ ব্যবহার করিতে থাকাকালে বিগত ইংরাজী ১৩।৫।১৯৭৪ তারিখে কাশীপুর দমদম সাবরেজিষ্ট্রী অফিসে রেজিষ্ট্রীকৃত ৩৯৬০ নং এককেতা সাফকোবালায় রেকজোয়ানী নিবাসী সুধা ব্যানার্জ্জী ও ইরা দাশগুপ্তা দ্বয়ের নিকট বিক্রয় করেন ও খাস দখল প্রদানে নিঃস্বত্ব হয়েন। উক্ত সুধা ব্যানার্জ্জী ও ইরা দাশগুপ্তা মহাশয়া দ্বয় উক্ত জমি খরিদাক্তে উঁহার

খাজনাদি.....

100Rs.

INDIA NON JUDICIAL

१०० रु. Rs 100

सत्यमेव जयते

भारत

एक सौ रुपये ONE HUNDRED RUPEES

: ৩ :

খাজনাদি ও ট্যাক্সাদি আদায়ে ভোগদখল করিতে থাকাকালে ইংরাজী ৮।৮।১৯৭৫ তারিখে কাশীপুর দমদম সাবরেজিষ্ট্রী অফিসে রেজিষ্ট্রীকৃত ১ নং বহির ১৩১ নং ভলুমের ৭৫ নং হইতে ৭৯ নং পাতায় লিখিত ২৫১০ নং একক্তো সাফ কোবালায় আমার গর্ভধারিণী মাতা শোভা রানী বিশ্বাস বরাবর ৮ কাঠা জমি যায় চলাচলের অধিকার বিক্রয় করেন ও খাস দখল প্রদানে নিঃস্বত্ব হইলে আমার মাতা উক্ত জমির দখল গ্রহণে আয় উপস্বত্ব ভোগ ব্যবহারের দ্বারা উহার উপর নিজ অর্থে বসত গৃহাদি নির্ম্মাণে খাসে মালিক থাকাবস্থায় আমাকে একমাত্র পুত্র ওয়ারিশান রাখিয়া পরলোক গমন করিলে আমি মাতার ওয়ারিশান সূত্রে হিন্দু দায় ভাগ বিধান অনুসারে উক্ত ও তপশীলে বর্ণিত জমি প্রাপ্ত হইয়া মালিক নিযুক্ত আছি। যাহা আমার বিক্রয় করিবার স্বত্বাধিকার বর্তমান আছে।

এক্ষণে......

ক্ষণে আমার নানাবিধ কারণ বশত : নগদ টাকার আবশ্যকে নিম্ন তপশীলে বর্ণিত ৮ - ০ - ০' আট কাঠা জমি মায় দরবস্তু হক হকুক সম্পত্তি বর্তমান বাজার উচিৎ সর্ব্বোচ্চ মূল্য বেলমোক্তা ২০,০০০ কুড়ি হাজার টাকা পণে অত্র সাফ কোবালায় বিক্রয় করিয়া বিক্রীত সম্পত্তি হইতে এককালীন চিরনি:স্বত্ব ও দখলচ্যুত হইলাম এবং খাস দখল দিয়া দিলাম । আপনি অদ্য হইতে আমার যাবতীয় নিব্যূঢ় স্বত্বে স্বত্ববান ভোগবান ও দখলিকার হইয়া নিজ নাম পত্তণে দান বিক্রয় হস্তান্তরাদি করিবার ক্ষমতা-যুক্তে পুত্র পৌত্রাদি ওয়ারিশ স্থলবর্তিগণক্রমে পরম সুখে যদৃচ্ছা ব্যবহারে ভোগ দখল করিতে থাকুন । কস্মিনকালে বিক্রীত সম্পত্তিতে আমি কিম্বা আমার ওয়ারিশ স্থলবর্তিগণক্রমে কেহ কোন প্রকার দাবি দাওয়া কিম্বা ওজরাপত্তি করি বা করে তাহা অত্র কোবালার বলে সর্ব্বত্র সর্ব্ব আদালতে বাতিল নামাঞ্জুর ও অগ্রাহ্য হইবে । কোবালাভুক্ত সম্পত্তিতে আমার যাহা কিছু স্বত্ব স্বামিত্ব সম্প্রব লভ্য হক হকিয়ৎ ও অধিকারাদি ছিল বা আছে তৎসমস্ত অদ্য আমার হইতে রদ ও রহিত হইয়া আপনাতে বর্তিল ।

কোবালাভুক্ত সম্পত্তি আমি ইতিপূর্ব্বে কোন প্রকার দায় সংযোগাদি বা হস্তান্তরাদি করিয়া রাখি নাই বা কাহাকেও বেনামদার করিয়া রাখি নাই বা উহা কোন সরকারী বা বেসরকারী প্রতিষ্ঠান কর্তৃক কোন নোটিশ জারী হয় নাই বা উহা কোন প্রকার ল্যান্ড এ্যকুইজিশান বা রিকুইজিশান - এর অন্তর্ভুক্ত সম্পত্তি নহে । উহা সম্পূর্ণ নির্দ্দায় ও নির্দ্দোষ অবস্থায় আমার খাস দখলে আছে তদবস্থায় আপনার নিকট সাফ কোবালায় বিক্রয় করিলাম । যদি ভবিষ্যতে কোন প্রকার তঞ্চকতা প্রকাশ পাইলে বা কোন প্রকার ক্ষতি হইল বা বিঘ্ন ঘটিলে আপনার যাবতীয় ক্ষতি পূরণ করিতে বাধ্য থাকিলাম ।

অত্র দলিলের লেখার ভুল বা ছাড় প্রকাশ পাইলে বা থাকিলে তাহা বিনা পণে ও বিনা ওজরে অত্র দলিলের পোষকতায় ভ্রম সংশোধন দলিল করিয়া দিতে বাধ্য থাকিলাম ।

এতদর্থে.........

এতদর্থে সুস্থ শরীরে সরল মনে অন্যের বিনানুরোধে অত্র দলিলের মর্ম্ম সম্যক অবগত হইয়া পণের লিখত ২০,০০০ ৲ কুড়ি হাজার টাকা নিম্ন জায় মত বুঝিয়া পাইয়া অত্র সাফ কোবালা দলিল সহি সম্পাদন করিয়া দিলাম । ইতি সন বাংলা ১৪০০ সালের ৩০ শে অগ্রহায়ণ ইংরাজী ১৯৯৩ সালের ১৬ ই ডিসেম্বর,

তপশীল বিক্রীত সম্পত্তির পরিচয়
**************************

১। জেলা - উত্তর ২৪ পরগণা, থানা - রাজারহাট ও মৌজা রেকজোয়ানী গ্রামে জে. এল. ১৩,,রে. সা. ১৯৮, তৌজি ২৯৯৮ নং ডুক্ত রায়ত দখলি সূত্র বিশিষ্ট সাবেক ১৫৯৩ নং খতিয়ান হাল ১৮৪২ নং খতিয়ান ভুক্ত .১৯ শতক জমির খাজনা বার্ষিক ৪ ৲ টাকার জমা জমি মধ্যে —

সাবেক দাগ নং ৩৪৩ হাল, দাগ নং ৩৭০ তিন শত সত্তর একখানি দোকান ঘর সহ .০২ জমির নিজ দিং খরিদা অবিভক্ত অর্দ্ধাংশে জমি .০১ শতক মায় তদুপরিস্থিত দোকান ঘরের অবিভক্ত অর্দ্ধাংশ সহ এবং সাবেক দাগ নং ৩৪৪ তিনশত চুয়াল্লিশ হাল দাগ নং ৩৭১ তিনশত একাত্তর দাগে ডাঙ্গা .১৭ শতক মধ্যে .০৯ শতক জমি যাহা ১৮৪২ নং খতিয়ান হইতে খণ্ড ১৮৪২।১ নং খতিয়ান ভুক্ত জমি হইতে নিজ দিং খরিদা জমি .০২ দুই শতক। উক্ত দুই দাগে মোট .০৩ তিন শতক জমি স্থানীয় মাপে ১ - ১৩ - ০ ' এক কাঠা তের ছটাক জমি । হারাহারি খাজনা বার্ষিক .৬৬ পয়সার জমা জমি মায় দরবস্তু হকুক সম্পত্তি ।

২। উক্ত মৌজা রেকজোয়ানী গ্রামে ২৯৯৮ নং তৌজির অধিন উক্ত মালিক অধিকারে সাবেক ১৬১৮ নং খতিয়ান হাল ১৮৬৮ নং খতিয়ান ভুক্ত পাট্টাই রায়ত দখলি সূত্রীয়

.০৪ শতক...

S/8889 Nolendra



.০৪ শতক জমির খাজনা বার্ষিক ১/৳ . আনা জমা জমির উক্ত হাল খতিয়ান হইতে খন্ড ১৮৬৮।১ নং খতিয়ানস্থিত .০৪ শতক জমির খাজনা বার্ষিক ১.২০ পয়সার জমা জমি মধ্যে নিজ দিং খরিদা .২০৩৩ শতক জমির খাজনা হারাহারি মতে .৭১ পয়সার জমা জমি হইতে ---

সাবেক ৩৪১ তিনশত একচল্লিশ নং দাগের হাল ৩৬৮ নং দাগে বাগান জমি .৪০ শতক মধ্যে উত্তর সীমায় চিহ্নিত .১০৩৩ শতক স্থানীয় মাপে কমবেশী ৬ - ৩ - ০' ছয় কাঠা তিন ছটাক জমি মায় দরবস্তু হক্কুক সম্পত্তির খাজনা হারাহারি মতে বার্ষিক .৩৬ পয়সার জমা জমি মায় দরবস্তু হক্কুক সম্পত্তি ।

একই মৌজায় ২ দফা সম্পত্তিতে ৩ দাগে একলপ্তে উত্তর সীমায় চিহ্নিত পি, ডব্লু, ডি, রাস্তার সংলগ্ন মোট .১৩৩৩ শতক স্থানীয় মাপে কমবেশী ৮ - ০ - ০' আট কাঠা জমি মায় বৃক্ষাদি আকর আওলাতাদি বাড়ী ও দোকান ঘরের অংশ সহ দরবস্তু হক্কুক সম্পত্তি সাফ বিক্রয় করিলাম ।

যাহার চৌহদ্দি
** ** *** ** ****

| | |
|---|---|
| উত্তরে : | পি, ডব্লু, ডি, রাস্তা ও সাবেক ৩৪৩ দাগের ইন্দু ভূষণ দিগর অংশের জমি । |
| দক্ষিণে : | সাবেক ৩৪১ দাগের নিজ দিং খাস জমি অদ্য তারিখে খরিদ সূত্রে শ্রী আদিত্য আকারিয়ার জমি । |
| পূর্ব্বে : | সাবেক ৩৩৬ নং দাগের পুকুর । |
| পশ্চিমে : | সাবেক ৩৪৪ দাগ যাহা সুধাংশু মন্ডলের খরিদা এবং সুহাসিনী দাসীর খাসে থাকা ৩৪১ দাগের জমি । |

1350
3375

টাকার.......

টাকার জায়
*********

রিঃ বয় : নোট ১০০ হিসাবে ২০০ কেতায় মং ২০,০০০ ্ কুড়ি হাজার টাকা মাত্র নিম্ন জায় মত বুঝিয়া পাইলাম ।

Surendra Nath Biswas

মুসাবিদাকারক : -
**************

সেখ আলাউদ্দিন আহম্মদ,

সাং ধাড়সা, রাজারহাট,

লাইসেন্স নং - x । 10 ।

টাইপকারক : -
************

উদয় সাহা

উদয় সাহা,

বিধাননগর সাবরেজিষ্ট্রী অফিস ।

ইসাদি : -

- - - - - - - - - - - - - - -

১ / [illegible]

২/ শ্রী সমীর বিশ্বাস রাজারহাট (রেকজোয়ানি)

৩/ [illegible]

N-19

207
279 386
9744
93

District Sub-Registrar

10/11/93

District Sub-Regis

25/4/95